গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৫.২০-১০

তারিখঃ ২৪ মাঘ ১৪২৭
০৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : বিগত ০১.০২.২০২১ খ্রি. তারিখে টিএমইডি এর সভাকক্ষে অনুষ্ঠি ত্রি-পক্ষীয় সভায় উত্থাপিত (ক) জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) (খ) রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর (গ) বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া (ঘ) নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ, নীলফামারী এবং (ঙ) গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাজীপুর এর বিভিন্ন অর্থ বছরের মোট ৩৪ (চৌত্রিশ) টি অনিষ্পন্ন অগ্রীম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার স্বাক্ষরিত কার্যবিবরণী (প্রমাণকসহ) প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৫.২০-১০৬, তারিখ: ১৯.০১.২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের সভাপতিত্বে গত ০১.০২.২০২১ খ্রি. তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়।

০২. উক্ত সভায় উপস্থাপিত (ক) জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), (খ) রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর, (গ) বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া, (ঘ) নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ, নীলফামারী এবং (ঙ) গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাজীপুর এর বিভিন্ন অর্থ বছরের মোট ৩৪ (চৌত্রিশ) টি অনিষ্পন্ন অগ্রীম অডিট আপত্তি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৩. ত্রিপক্ষীয় সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির লক্ষ্যে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা কার্যবিবরণীতে লিপিবদ্ধ এবং বর্ণিত রয়েছে।

০৪. এমতাবস্থায়, ত্রি-পক্ষীয় সভার আলোচনা এবং সিদ্ধান্তের আলোকে সভার কার্যবিবরণী (সভায় উপস্থিত সকলের স্বাক্ষর গ্রহণপূর্বক) প্রস্তুত করা হয়েছে। সিদ্ধান্তের সমর্থনে প্রয়োজনীয় প্রমাণক সংযুক্ত করা হয়েছে বিধায় পরবর্তী কার্যক্রম তথা উক্ত আপত্তিগুলো নিষ্পত্তির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের নিমিত্ত স্বাক্ষরিত কার্যবিবরণী (সংযুক্ত প্রমাণকসহ) মহোদয় বরাবর প্রেরণ করা আবশ্যক।

০৫. এমতাবস্থায়, ত্রিপক্ষীয় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে আপত্তিগুলো নিষ্পত্তিক্রমে আগামী ১৫.০৩.২০২১ খ্রি. তারিখের মধ্যে গৃহীত কার্যক্রমের তথ্যাদি টিএমইডি-তে প্রেরণের জন্যও মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০১. বর্ণনামতে কার্যবিবরণী ১৭ ফর্দ (৩৪ পৃষ্ঠা)।
০২. বর্ণনামতে প্রমাণক মোট ৫ সেট (প্রতিষ্ঠানভিত্তিক ৪ সেট ও সংস্থা ১ সেট)।

০৭.০২.২১
(নুরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

চলমান পাতা/২

অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

০১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

০২. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।

০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৪. জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫. সিষ্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।

০৬-০৭. অধ্যক্ষ, রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর/ বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া/ নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ, নীলফামারী এবং গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাজীপুর।

০৮. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (অতি:সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৯. উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (উপসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০-১১. অফিস কপি/ মাষ্টার কপি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.১৬.০০১.২১.৩০

তারিখ: ২৬ মাঘ ১৪২৭
০৯ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: **সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলার কোনাগ্রাম দাখিল মাদ্রাসার দাখিল নবম শ্রেণীর প্রাথমিক পাঠদানের অনুমতির মেয়াদবৃদ্ধিকরণের জন্য টিএমইডির নির্দেশনা।**

সূত্র: সুপারিনটেনডেন্ট, কোনাগ্রাম দাখিল মাদ্রাসা, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলার কোনাগ্রাম দাখিল মাদ্রাসার দাখিল নবম শ্রেণীর প্রাথমিক পাঠদানের অনুমতির মেয়াদবৃদ্ধিকরণের জন্য উক্ত মাদ্রাসার সুপারিনটেনডেন্ট কর্তৃক স্বাক্ষরিত একটি আবেদনপত্র বর্ণিত স্মারকের মাধ্যমে সচিব, টিএমইডি এর বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

২. ৯ম শ্রেণি পাঠদানের অনুমতির মেয়াদবৃদ্ধিকরণের অনুরোধ হলো উক্ত আবেদনের বিষয়বস্তু। এবং উক্ত আবেদনের (পাঠদান অনুমতি) বিষয়বস্তুর সাথে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট।

৩. বেসরকারি উদ্যোগে মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা-১৯৯৭ এবংবাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন ২০২০ এর ০৯ ধারা অনুযায়ী এ সংক্রান্ত কার্যক্রমের সাথে (চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড) সংশ্লিষ্ট বিধায় সুপারিনটেনডেন্ট, কোনাগ্রাম দাখিল মাদ্রাসা, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট পত্রখানা আইনানুগভাবে নিষ্পত্তির নিমিত্ত মহোদয় বরাবর প্রেরণ করা প্রয়োজন।

৪. এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়াদি বিবেচনায় নিয়ে সুপারিনটেনডেন্ট, কোনাগ্রাম দাখিল মাদ্রাসা, উপজেলা- বিয়ানীবাজার, জেলা-সিলেট পত্রের (পত্রের কপি সংযুক্তক্রমে) বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১(এক) পাতা।

৯-২-২০২১
সৈয়দ আসগর আলী
সহকারী সচিব

চেয়ারম্যান বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বক্শিবাজার, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.১৬.০০১.২১.৩০/১

তারিখ: ২৬ মাঘ ১৪২৭
০৯ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: ০৯ ফেব্রুয়ারি ২০২১

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪) অফিস কপি।



৯-২-২০২১

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.১৬.০০১.২১.২৯

তারিখ: ২৬ মাঘ ১৪২৭
০৯ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: **রংপুর জেলার সদর উপজেলার শ্যামপুর একরামিয়া দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসার ৯ম শ্রেণি পাঠদানের অনুমতির স্থগিতাদেশ প্রত্যাহারের জন্য টিএমইডির নির্দেশনা।**

সূত্র: তত্ত্বাবধায়ক, শ্যামপুর একরামিয়া দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসা, উপজেলা-সদর, জেলা-রংপুর এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার সদর উপজেলার শ্যামপুর একরামিয়া দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসার ৯ম শ্রেণি পাঠদানের অনুমতির স্থগিতাদেশ প্রত্যাহারের বিষয়ে উক্ত মাদ্রাসার তত্ত্বাবধায়ক কর্তৃক স্বাক্ষরিত একটি আবেদনপত্র বর্ণিত স্মারকের মাধ্যমে সচিব, টিএমইডি এর বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

২. ৯ম শ্রেণি পাঠদানের অনুমতির স্থগিতাদেশ প্রত্যাহারের অনুরোধ হলো উক্ত আবেদনের বিষয়বস্তু। এবং উক্ত আবেদনের (পাঠদান অনুমতি) বিষয়বস্তুর সাথে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট।

৩. বেসরকারি উদ্যোগে মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা-১৯৯৭ এবংবাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন ২০২০ এর ০৯ ধারা অনুযায়ী এ সংক্রান্ত কার্যক্রমের সাথে (চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড) সংশ্লিষ্ট বিধায়তত্ত্বাবধায়ক, শ্যামপুর একরামিয়া দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসা, উপজেলা-সদর, জেলা-রংপুর পত্রখানা আইনানুগভাবে নিষ্পত্তির নিমিত্ত মহোদয় বরাবর প্রেরণ করা প্রয়োজন।

৪. এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়াদি বিবেচনায় নিয়েতত্ত্বাবধায়ক, শ্যামপুর একরামিয়া দারুচ্ছুন্নাৎ দাখিল মাদ্রাসা, উপজেলা-সদর, জেলা-রংপুর পত্রের (পত্রের কপি সংযুক্তক্রমে) বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১(এক) পাতা।

৯-২-২০২১
সৈয়দ আসগর আলী
সহকারী সচিব
ফোন: ০২-৯৫৪৫৭২০

চেয়ারম্যান বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বক্শিবাজার, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.১৬.০০১.২১.২৯/১

তারিখ: ২৬ মাঘ ১৪২৭
০৯ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪) অফিস কপি।

৯-২-২০২১
সৈয়দ আসগর আলী
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।
আইন শাখা-১
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০১৩.১৮-৩৭

তারিখ: ২৭ মাঘ, ১৪২৭ ব.
১০ ফেব্রুয়ারি,২০২১খ্রি.

বিষয়: cause list-ভুক্ত রিট মামলা/কনটেম্পট মামলাসমূহ বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে টিএমইডিতে তথ্য প্রেরণ।

Cause list- ভুক্ত রিট মামলা/কনটেম্পট মামলাসমূহ বিষয়ে তাঁর অধিক্ষেত্রের নিম্নবর্ণিত রিট মামলা/কনটেম্পট মামলাসমূহ শুনানী/বিচারিক কার্যক্রমের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে ১০/০২/২০২১খ্রি. তারিখ (সংযুক্ত তালিকা অনুযায়ী) ধার্য ছিল:

| ক্র.নং | রিট পিটিশন/কনটেম্প নং | কোর্ট | শুনানীর সিরিয়াল নং | ধার্য তারিখ | মামলা সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ১২২৭৮/২০১৬ | Annex-20 | ৬৯ | ১০/০২/২০২১ খ্রি. | কারিগরি শিক্ষা অধিদপ্তর | |
| ০২ | ১৬৬৬৩/২০১৭ | Annex-25 | ২৪১ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |
| ০৩ | ৬৩১২/২০১৮ | Annex-25 | ২৭৮ | ১০/০২/২০২১ খ্রি. | কারিগরি শিক্ষা অধিদপ্তর | |
| ০৪ | ১৪৯৪২/২০১৭ | Annex-25 | ২৮৪ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |
| ০৫ | ৯৬৯/২০১৯ | Annex-3 | ৯৮ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |
| ০৬ | ৭২১০/২০১৯ | Annex-3 | ১০৬ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |
| ০৭ | ১৫১৭৪/২০১৮ | Annex-3 | ১৪৮ | ১০/০২/২০২১ খ্রি. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড | |
| ০৮ | ১৫৭১৮/২০১৭ | Annex-3 | ১৭০ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |
| ০৯ | ১৫২৪৪/২০১৬ | Annex-3 | ১৭১ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |
| ১০ | ৬০৪১/২০১৫ | Annex-3 | ২২৪ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |
| ১১ | ৪২১৩/২০১৯ | Annex-3 | ২৫২ | ১০/০২/২০২১ খ্রি. | কারিগরি শিক্ষা অধিদপ্তর | |
| ১২ | ৯৪১/২০১৭ | Annex-3 | ২৫৪ | ১০/০২/২০২১ খ্রি. | ইসলামি বিশ্ববিদ্যালয় | |
| ১৩ | ৩৫২৪/২০১৯ | Annex-3 | ২৭১ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |
| ১৪ | ১৬০০২/২০১৮ | Annex-3 | ৩০৭ | ১০/০২/২০২১ খ্রি. | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | |
| ১৫ | ১৫২৪৫/২০১৭ | Main-27 | ৫৫ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |
| ১৬ | ১৪১৬৪/২০১৯ | Annex-35 | ১১১ | ১০/০২/২০২১ খ্রি. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | |

০২। প্রতিদিনের Cause list যাচাই করে তাতে উল্লিখিত রিট মামলা/রিট মামলাসমূহের বিষয়ে (মহোদয়ের দপ্তর/অধিদপ্তর/সংস্থা সংশ্লিষ্ট) সরকারি স্বার্থ নিশ্চিতকরণের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ আবশ্যক।

০৩। উপরোক্ত মামলার বিষয়ে নিম্নবর্ণিত তথ্য প্রয়োজন।

ক. উপরিউক্ত মামলাগুলোর জবাব (Affidavit in Opposition) মহামান্য আদালতে দাখিল হয়েছে কি-না?

খ. জবাব দাখিল হয়ে থাকলে পূর্বে শুনানী হয়েছে কি-না? শুনানী হয়ে থাকলে শুনানীর ফলাফল কী?

গ. জবাব দাখিল না হয়ে থাকলে এর কারণ কী? এবং কবে নাগাদ জবাব দাখিল হবে?

ঘ. উক্ত মামলায় চূড়ান্ত আদেশ জারি হয়েছে কি-না? উক্ত আদেশ সরকারের অনুকূলে জারি হয়েছে কি-না?

ঙ. চূড়ান্ত আদেশ সরকারের প্রতিকূলে জারি হয়ে থাকলে লিভ টু আপিল পিটিশন দায়ের হয়েছে কি-না? উক্ত আপিল মামলার সর্বশেষ অবস্থা কী?

চ. উক্ত মামলার বিষয়ে বর্তমানে TMED এর করণীয় আছে কিনা? না থাকলে তা টিএমইডি-কে অবহিত করা হয়েছে কিনা?

ছ. পূর্বের নির্দেশনা অনুযায়ী দৈনিক Cause list যাচাই করে সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত কোন কর্মকর্তা কে Nominate করা হয়েছে কিনা?

জ. উক্ত Nominated কর্মকর্তা দৈনিক Cause list যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছেন কি-না?

ঝ. সরকার পক্ষে কোন পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা না থাকালে তা মহামান্য আদালতকে অবহিত করা হয়েছে কি-না?

০৪। উল্লেখ্য মহামান্য হাইকোর্ট বিভাগের Website হতে প্রাপ্ত Cause list অনুযায়ী উপরোক্ত তথ্য চাওয়া হয়েছে। আর্জি না থাকায় মামলার বিষয়ে প্রকৃত তথ্য উদ্ধৃত করা সম্ভব হয়নি।

০৫। এমতাবস্থায় অনুচ্ছেদ-৩ অনুযায়ী চাহিত তথ্য (আর্জি যাচাইক্রমে) আগামী ২০.০২.২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তরকে পত্র প্রেরণ করা যায়। প্রস্তাবমতে পত্র প্রস্তুত করে নথিতে রাখা আছে। সদয় অনুমোদনক্রমে পত্র প্রেরণ করা যায়।

(মো: আ: খালেক মিঞা) ১০/০২/২০২১
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন:-৪১০৫০১৫৭

প্রাপক: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর,আগারগাঁও,শেরে বাংলানগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ (৭ম ও ১০তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ০২/অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। চেয়ারম্যান, এনটিআরসি,৩৭/৩-এ ইস্কাটন গার্ডেন রোড রমনা, ঢাকা।
৬। রেজিস্ট্রার, ইসলামি বিশ্ববিদ্যালয়।
৭। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৮। পরিচালক, নেকটার,বগুড়া।
৯। অধ্যক্ষ, বি.এম.টি.টি.আই,বোর্ড বাজার,গাজীপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব, (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অফিস কপি/মাস্টার কপি